# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মূখপাত্র/২০১১/১৬১২

তারিখঃ ১৪/১০/২০১৪ ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫২৯ তম কমিশন সভা অদ্য ১৪/১০/২০১৪ ইং তারিখে তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. Shasha Denims Limited এর ৩৫.০০ টাকা (অর্থাৎ প্রতি শেয়ারে ২৫ টাকা প্রিমিয়ামসহ) মূল্যমানের ৫ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ১৭৫ কোটি টাকা পুঁজি উত্তোলন করে ব্যবসায় সম্প্রসারণ, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩১ শে ডিসেম্বর, ২০১৩ সালের সমাপ্ত বৎসরের নিরীক্ষিত হিসাব অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) ৩.৭৩ টাকা এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) ৫২.৯৫ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে AFC Capital Limited এবং Imperial Capital Limited।

২. Sylhet Metro City Securities Limited (SMCSL) (CSE TREC No. 025) -এ কমিশনের তদন্ত দল কর্তৃক তদন্তে জনাব শামীম আহম্মেদ, বোর্ড পরিচালক এবং SMCSL এর তৎকালীন নির্বাহী পরিচালক এর বিরুদ্ধে বিনিয়োগকারীদের শেয়ার এবং অর্থ আত্মসাতের অভিযোগ প্রমানিত হয়েছে। যার মাধ্যমে জনাব শামীম আহম্মেদ Securities and Exchange Ordinance, 1969 এর Section 17 (a) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিলে বর্ণিত আচরণবিধি ১ ও ৬ ভঙ্গ করায় কমিশন তার বিরুদ্ধে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহন করেছেঃ

ক) জনাব শামীম আহম্মেদ পুঁজিবাজার সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানের সাথে আর কখনও জড়িত থাকতে পারবেন না;
খ) তার সকল B.O. হিসাব পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত অবরুদ্ধ (freeze) থাকবে; এবং
গ) জনাব শামীম আহম্মেদ -কে ৫০ লক্ষ টাকা জরিমানা আরোপ করা হয়েছে।

৩. Sylhet Metro City Securities Limited (SMCSL) (CSE TREC No. 025) -এ কমিশনের তদন্ত কমিটি কর্তৃক তদন্তে বিনিয়োগকারীদের শেয়ার ও অর্থ আত্মসাতের ঘটনা উদ্ঘাটিত হওয়ায় এতদসংক্রান্ত বিষয়ে আগামী ৩০শে নভেম্বর ২০১৪ এর মধ্যে বিনিয়োগকারীদের শেয়ার এবং অর্থ পরিশোধের ব্যবস্থা গ্রহণ করে কমিশনে প্রতিবেদন দাখিল করার জন্য চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ -কে নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

SMCSL এর বিরুদ্ধে আরও একটি তদন্ত প্রতিবেদন বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। এমতাবস্থায় যেহেতু দুইটি তদন্ত প্রতিবেদনের বিষয়বস্তু একই ধরনের সেহেতু দুইটি তদন্ত প্রতিবেদন একসাথে করে কমিশনের Enforcement বিভাগ পরবর্তীতে কমিশন সভায় উপস্থাপন করবে মর্মেও সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. Argon Denims Ltd. (Issuer) কর্তৃক প্রাথমিক গণপ্রস্তাব (IPO) এর মাধ্যমে উত্তোলিত অর্থ কমিশন অনুমোদিত প্রসপেক্টাস এবং consent letter এর শর্ত অনুযায়ী ব্যবহার না করে সিকিউরিটিজ আইন ভঙ্গ করেছে। Argon Denims Ltd. অনুমোদিত প্রসপেক্টাসে বর্ণিতঃ ওয়ান ব্যাংক লিঃ এর নিকট হতে গৃহীত স্বল্প মেয়াদী ঋণ এর অতিরিক্ত অর্থ পরিশোধ করেছে। এছাড়া, Argon Denims Ltd. মার্কেন্টাইল ব্যাংক লিঃ এর নিকট হতে Bridge finance (time loan) এর মাধ্যমে গৃহীত ঋণের অতিরিক্ত অর্থ পরিশোধ করেছে এবং বর্ণিত কোম্পানী Lanka Bangla Finance Ltd. এর নিকট হতে গৃহীত স্বল্পমেয়াদী ঋণের ৩ কোটি টাকা পরিশোধ করেছে যা প্রসপেক্টাসে উল্লেখ ছিল না। অধিকন্তু, Argon Denims Ltd. ব্যাংকিং চ্যানেল ছাড়া বিভিন্ন সরবরাহকারী/ঠিকাদারকে নির্মাণ সামগ্রী ক্রয় বাবদ টাঃ ২৭.৯৪ কোটি নগদে পরিশোধ করেছে এবং নির্মাণ সংক্রান্ত কাজে নিযুক্ত শ্রমিকদের তদারকির জন্য Everyway Engineering নামক প্রতিষ্ঠানকে নিযুক্ত

ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

করেছে। বিভিন্ন ধাপের কাজ সমাপান্তে শ্রমিক সরবরাহকারী ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল Everyway Engineering কর্তৃক পরীক্ষান্তে (checked & verified) Argon Denims Ltd. কর্তৃক পরিশোধ করা হয়েছে।

Argon Denims Ltd. এর নগদ লেনদেনসহ কিছু কার্যক্রম প্রাথমিক গণ প্রস্তাবের জন্য অনুমোদিত প্রসপেক্টাস এবং consent letter এর পার্ট-বি এর শর্ত-৭ যা Securities and Exchange Ordinance, 1969 এর 2CC র মাধ্যমে আরোপিত হয়েছে তার লংঘন এবং যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 এর লংঘন।

উল্লেখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের কারনে কমিশন আজকের সভায় Argon Denims Ltd -কে ৩০ লক্ষ টাকা জরিমানা করেছে এবং Argon Denims Ltd. আগামী ৩ বৎসরের জন্য পুঁজিবাজার থেকে কোন ধরনের মূলধন উত্তোলন (capital raising) করতে পারবে না মর্মেও সিদ্ধান্ত গ্রহন হয়েছে।

৫. Salvo Chemical Industry Ltd. (Issuer) কর্তৃক প্রাথমিক গণপ্রস্তাব (IPO) এর মাধ্যমে উত্তোলিত অর্থ অনুমোদিত প্রসপেক্টাস এবং consent letter এর শর্ত অনুযায়ী ব্যবহার না করে সিকিউরিটিজ আইন ভঙ্গ করেছে। Salvo Chemical Industry Ltd. অনুমোদিত প্রসপেক্টাসে বর্ণিত প্রাথমিক গণপ্রস্তাবের মাধ্যমে উত্তোলিত অর্থের মধ্যে ২৬ কোটি টাকার স্থলে ২৪ কোটি টাকা খরচ করেছে এবং অবশিষ্ট ২ কোটি টাকা অব্যয়িত আছে। কিন্তু Salvo Chemical Industry Ltd. কমিশনে দাখিলকৃত রিপোর্টে IPO এর মাধ্যমে উত্তোলিত অর্থের ২৬ কোটি টাকা খরচ দেখানো হয়েছে। এছাড়াও Salvo Chemical Industry Ltd. ২.২১ কোটি টাকা ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে ব্যয় না করে নগদ ব্যয় করেছে।

Salvo Chemical Industry Ltd. এর উল্লেখিত কার্যক্রম প্রাথমিক গণ প্রস্তাবের জন্য অনুমোদিত প্রসপেক্টাস এবং consent letter এর পার্ট-বি এর যথাক্রমে শর্ত-৪ ও ৬ যা Securities and Exchange Ordinance, 1969 এর 2CC র মাধ্যমে আরোপিত হয়েছে তার লংঘন এবং যা Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 এর লংঘন।

উল্লেখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের কারণে কমিশন আজকের সভায় Salvo Chemical Industry Ltd. -কে ৫ লক্ষ টাকা জরিমানা করেছে এবং Salvo Chemical Industry Ltd. আগামী ৩ বৎসরের জন্য পুঁজিবাজার থেকে কোন ধরনের মূলধন উত্তোলন (capital raising) করতে পারবে না মর্মেও সিদ্ধান্ত গ্রহণ হয়েছে।

৬. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর Over-The-Counter (OTC) মার্কেটে তালিকাভূক্ত Non performing কোম্পানী সমূহের ইদানীং মূল মার্কেটে ফিরে আসার প্রবনতা লক্ষ্য করা যাচ্ছে। এই প্রেক্ষিতে OTC -তে থাকা কোম্পানীসমূহ মূল মার্কেটে ফিরে আসার লক্ষ্যে আবেদন করলে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে একটি সুনির্দিষ্ট নীতিমালার আলোকে তা পর্যালোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ সম্পর্কিত একটি নীতিমালা প্রণয়নের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে ঃ

ক) জনাব মোহাম্মদ আনোয়ারুল ইসলাম, নির্বাহী পরিচালক
খ) জনাব মোঃ আবুল কালাম, পরিচালক এবং
গ) জনাব মনসুর রহমান, পরিচালক

কমিটি আগামী ১৫ই নভেম্বর ২০১৪ এর মধ্যে রিপোর্ট দাখিল করবে।

২৪/১০/২০১৪

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd